জগন্নাথ বিশ্ববিদ্যালয় বার্তা

১ জুলাই - ৩০ সেপ্টেম্বর, ২০২০ | ৪৫ তম সংখ্যা

শিক্ষক সমিতি'র উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি'র উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ১৫ আগষ্ট অনলাইন প্ল্যাট ফরম জুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।



জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ও বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদ। এছাড়াও আলোচনা অংশগ্রহণ করেন মাইক্রোবায়োলজি বিভাগের অধ্যাপক ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় নীলদলের সভাপতি অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া।

অনুষ্ঠানে "বঙ্গবন্ধু ও একবিংশ শতাব্দীর এশীয় রাজনীতি"- শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ'র সভাপতিত্বে ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগমের সঞ্চালনায় অনুষ্ঠানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন ও বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ এবং শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

বিশেষ সংবাদ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২০-২১ অর্থ বছরের মূল (রাজস্ব) বাজেট পাস

চিকিৎসা, পরিবহণ, শিক্ষা ও ছাত্রবৃত্তি খাতে বাজেট বরাদ্দে অগ্রাধিকার

৭ সেপ্টেম্বর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর সভাপতিত্বে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ৮২তম সিন্ডিকেট অনলাইন প্ল্যাট ফরম জুমে অনুষ্ঠিত হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ অর্থ বছরের সংশোধিত বাজেট ১২৫ কোটি ২৮ লক্ষ টাকা এবং ২০২০-২১ অর্থ বছরের ১৫৭ কোটি ৮০ লক্ষ টাকার মূল (রাজস্ব) বাজেট পাস হয় *[যার মধ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বরাদ্দ ১২০ কোটি ১৫ লক্ষ টাকা এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় ১৮ কোটি ও ঘাটতি ২২ কোটি ৬৫ লক্ষ টাকা, ঘাটতি অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নিকট সম্পূরক বাজেট প্রস্তাব চাওয়া হবে।]*

শিক্ষার্থীদের সহায়তার জন্য (দুপুরের খাবার প্রদানসহ) ১ কোটি টাকা, ছাত্র-ছাত্রীদের বৃত্তির জন্য ২ কোটি ৫০ লক্ষ টাকা (যা বিগত বছরের ১০গুণ বেশি) বরাদ্দ প্রদান করা হয়েছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে চিকিৎসা সেবা উন্নত করার লক্ষে পিসিআর ল্যাব স্থাপন বাবদ ৩ কোটি ৫০ লক্ষ টাকা, জিনোম ল্যাব স্থাপন বাবদ ১ কোটি ৫০ লক্ষ টাকা, চিকিৎসা সংক্রান্ত ঔষধপত্র/ব্যয় বাবদ ৩০ লক্ষ (যা বিগত বছরের দশগুণ বেশি), রোগ নির্ণায়ক যন্ত্রপাতি ও ল্যাবরেটরি স্থাপন বাবদ ২ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

তাছাড়াও গবেষণা খাতে ২ কোটি টাকা, শিক্ষা উপকরণ ও যন্ত্রপাতি ক্রয়ে ৯ কোটি ৭ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়াও যানবাহন খাতে ৭ কোটি ৯৯ লক্ষ টাকা এবং তথ্য যোগাযোগ প্রযুক্তি খাতে ১ কোটি ৭ লক্ষ টাকা রবাদ্দ রাখা হয়েছে।

একাডেমিক সংবাদ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অনলাইনে ক্লাস গ্রহণের সিদ্ধান্ত

২ জুলাই জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর সভাপতিত্বে এক অনলাইন মিটিং [জুম (ZOOM) এর মাধ্যমে] অনুষ্ঠিত হয়। অনলাইন মিটিংয়ে বর্তমান সার্বিক পরিস্থিতি বিবেচনা করে সর্বসম্মতিক্রমে জগন্নাথ বিশ্ববিদ্যলয়ে শিক্ষার্থীদের অনলাইনে ক্লাস নেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

উক্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। এক সপ্তাহের মধ্যে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও ইনস্টিটিউট অনলাইন ক্লাস শুরু করবে। অনলাইন ক্লাসের ভিডিওসমূহ Youtube/ facebook প্ল্যাটফর্মেও Upload করতে হবে যেন শিক্ষার্থীরা যেকোন সময়ে তা দেখতে পারে।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অনলাইন ক্লাস গ্রহণ সংক্রান্ত জুম ক্লাউডে অনুষ্ঠিত অনলাইন সভা

২। করোনা ভাইরাস (COVID-19 Pandemic) পরিস্থিতির কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ হওয়ার পূর্বে যে সেমিস্টার চলমান ছিল সে সেমিস্টারের অসম্পন্ন থিওরিটিক্যাল ক্লাসসমূহ ৩১ আগস্ট, ২০২০ এর মধ্যে সম্পন্ন করতে

হবে। তবে পরীক্ষা নেওয়া হবে না। ১ সেপ্টেম্বর, ২০২০ থেকে পরবর্তী সেমিস্টারের থিওরিটিক্যাল ক্লাস শুরু করতে হবে।

৩। On Campus ক্লাস শুরু হলে Refreshment Class এর জন্য ৩ (তিন) সপ্তাহ সময় দেয়া হবে এবং তখন ব্যবহারিক ক্লাসও গ্রহণ করা হবে। তারপর দুইটি সেমিস্টারের ফাইনাল পরীক্ষা একসাথে অনুষ্ঠিত হবে।

৪। প্রত্যেক বিভাগ ও ইনস্টিটিউট স্ব-স্ব একাডেমিক কমিটির মিটিং এর মাধ্যমে ক্লাস রুটিনসহ ক্লাস গ্রহণ সংক্রান্ত অন্যান্য বিষয় নির্ধারণ করবে এবং শিক্ষার্থীদের জানানোর ব্যবস্থা নিবেন।

৫। মিডটার্ম/কোন পরীক্ষা অনলাইনে নেয়া যাবে না। তবে Assignment অনলাইনে নেয়া যাবে।

৬। অনার্স ৪র্থ বর্ষের ক্লাস সম্পন্ন হওয়ার পর মাস্টার্স ১ম সেমিস্টারের ক্লাস শুরু করতে হবে।

৭। শিক্ষার্থীদের থিসিস জমা ও ইন্টার্ণশীপের বিষয়ে সংশ্লিষ্ট চেয়ারম্যান/পরিচালক মহোদয় একাডেমিক কমিটির মাধ্যমে ব্যবস্থা নিবেন।

৮। নেটওয়ার্কিং এন্ড আইটি দপ্তর প্ল্যাটফর্ম তৈরি করাসহ অনলাইনে ক্লাস গ্রহণ সংক্রান্ত কারিগরি/আই.টি সংক্রান্ত সহায়তা প্রদান করবে।

৯। অনলাইন ক্লাস গ্রহণের সুবিধার্থে প্রত্যেক শিক্ষার্থীর কাছে ইন্টারনেট সুবিধা পৌঁছানোর জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় যে সকল পদক্ষেপ গ্রহণ করেছে তা দ্রুত বাস্তবায়নের জন্য সভায় আহ্বান জানানো হয়।

এই অনলাইন সভায় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, অনুষদের ডিন, ইনিস্টিটিউটের পরিচালক, রেজিস্ট্রার, বিভাগীয় চেয়ারম্যান, প্রক্টর, পরিচালক (গবেষণা/ছাত্র-কল্যাণ/অ ও হি/প ও উ/নেটওয়ার্কিং এন্ড আইটি/IQAC), পরীক্ষা নিয়ন্ত্রক/গ্রন্থাগারিক অংশগ্রহণ করেন।

বিভাগীয় কার্যক্রম/সেমিনার

শিক্ষকদের জন্য অনলাইন ক্লাস ব্যবস্থাপনা বিষয়ক ওয়েবিনার ওয়ার্কশপ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অয়োজনে ১১ এবং ১৮ জুলাই দুই পর্বে 'Teaching and Learning using Virtual Platforms' এবং 'Introduction to the G-suite for Education' শিরোনামে অনুষ্ঠিত হয় শিক্ষকদের জন্য অনলাইন ক্লাস ব্যবস্থাপনা বিষয়ক ওয়েবিনার ওয়ার্কশপ। অনলাইন প্ল্যাটফর্ম জুম এবং ফেসবুক লাইভের মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ অংশগ্রহণ করেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অনলাইন ক্লাস ব্যবস্থাপনা বিষয়ক ওয়েবিনার ওয়ার্কশপ

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমানের উদ্যোগ এবং নির্দেশনায় ওয়েবিনার দু'টির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আবু লায়েক।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন “এই করোনা মহামারীতে ছাত্র-ছাত্রীরা যেন শিক্ষা থেকে একেবারে বিচ্ছিন্ন হয়ে না পড়ে সেজন্য আমরা অনলাইন ক্লাস শুরু করেছি। কিন্তু অনলাইন মাধ্যমগুলোতে ক্লাস নেয়ার ক্ষেত্রে অধিকাংশ ছাত্র-ছাত্রী এবং শিক্ষকবৃন্দ আগে থেকে অভ্যস্ত না থাকায় প্রাথমিকভাবে বেশ কিছু সমস্যার সম্মুখীন হচ্ছিলেন। এই অনলাইন ওয়ার্কশপের মাধ্যমে শিক্ষকেরা তাদের বিভিন্ন সমস্যার সমাধান খুঁজে পাবেন এবং সুন্দরভাবে অনলাইন ক্লাস পরিচালনায় সক্ষম হবেন। এরপরেও কিছু সমস্যা থেকে গেলে সেগুলো পরবর্তীতে এরকম আরো আয়োজন করা হবে।”

অনলাইনে অনুষ্ঠিত এই ওয়ার্কশপে এছাড়াও বক্তব্য রাখেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. নূরে আলম আব্দুল্লাহ এবং নেটওয়ার্কিং এন্ড আইটি দপ্তরের পরিচালক অধ্যাপক ড. উজ্জল কুমার আচার্য।

বক্তারা সবাই ওয়েবিনার দুটি শিক্ষকবৃন্দের জন্য অত্যন্ত ফলপ্রসু হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। ওয়েবিনার দু'টিতে লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেমের প্রাথমিক ধারণা থেকে শুরু করে বিভিন্ন অনলাইন প্লাটফর্ম যেমন- জুম, ফেসবুক, গুগল মিট, গুগল শীট, গুগল ক্যালেন্ডারসহ G suite এর বিভিন্ন অ্যাপ সম্পর্কে বিস্তারিত আলোচনা এবং প্রশ্নোত্তর অনুষ্ঠিত হয়।

শ্রদ্ধাঞ্জলি/মানববন্ধন/র‌্যালি

জাতীয় শোক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

১৫ আগস্ট ‘জাতীয় শোক দিবস-২০২০ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৫ তম শাহাদাৎ বার্ষিকী’ উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এর পক্ষ হতে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে স্থাপিত মুজিব মঞ্চে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

জাতির শোক দিবস উপলক্ষে জাতির পিতার প্রতিকৃতিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শ্রদ্ধাঞ্জলি নিবেদন

এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, নীলদল, কর্মকতা সমিতি ও অন্যান্য সমিতির পক্ষে থেকে একে একে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। এসময় ১৫ আগস্ট-এ নিহতদের স্মরণে দাঁড়িয়ে নীরবতা পালন করা হয়। এদিকে, বাদ যোহর বিশ্ববিদ্যালয় মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে ১৯৭৫ সালের ১৫ আগস্ট বাঙালি জাতির পিতা, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি এবং স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর পরিবার ও অন্যান্য

নিহতদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। জাতীয় শোক দিবস উপলক্ষে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা এবং কালো পতাকা উত্তোলন ও কালো ব্যাজ ধারণ করা হয়।

২১ আগস্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপর বর্বরোচিত গ্রেনেড হামলার স্থানে শ্রদ্ধাঞ্জলি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপর বর্বরোচিত গ্রেনেড হামলার বার্ষিকী উপলক্ষে ২১ আগস্ট হামলার স্থানে (বঙ্গবন্ধু এভিনিউতে) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপর বর্বরোচিত গ্রেনেড হামলার স্থানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মোস্তফা কামাল এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। এসময় ইতিহাসের নরকীয় গ্রেনেড হামলায় নিহতদের আত্মার মাগফেরাত কামনা করা হয় এবং গ্রেনেড হামলায় জড়িতদের দ্রুত বিচারের দাবি জানানো হয়।

নিয়োগ/যোগদান

চেয়ারম্যান (ইতিহাস বিভাগ)

ইতিহাস বিভাগের অধ্যাপক ড. শামসুন নাহার-কে ১১ জুলাই হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

চেয়ারম্যান (গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ)

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক ড. শাহ্ মোঃ নিসতার জাহান কবীর-কে ১৯ আগস্ট হতে পুনরায় পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

ডিগ্রি/সম্মাননা/সদস্যপদ/অংশগ্রহণ

পিএইচ.ডি ডিগ্রি প্রদান

আইন বিভাগ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের আন্তর্গত আইন বিভাগের অধীনে মোঃ শহিদুল ইসলাম-কে তাঁহার রচিত "*Development of Constitutional Law in South Asian Countries: A Study with Special Reference to the Role of the Judiciary in Bangladesh and India*" শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৭ সেপ্টেম্বর তারিখে অনুষ্ঠিত ৮২তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে পিএইচ.ডি ডিগ্রি প্রদান করা হয়।

এম.ফিল ডিগ্রি প্রদান

সমাজবিজ্ঞান বিভাগ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের অন্তর্গত সমাজবিজ্ঞান বিভাগের অধীনে ফাতেমা তুজ জোহরা-কে তাঁহার রচিত "*Women and Health inequalities in Bangladesh: A Sociological Study on middle class families in Dhaka City*" শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৭ সেপ্টেম্বর তারিখে অনুষ্ঠিত ৮২তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে এম.ফিল. ডিগ্রি প্রদান করা হয়।

সংগঠন কার্যক্রম

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটস এর পায়ে হেঁটে ১৫০ কিলোমিটার পথ পরিভ্রমণ

বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বোচ্চ সংখ্যক প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনকারী ঐতিহ্যবাহী জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটস এর পাঁচ জন রোভার "কোভিড-১৯ স্বাস্থ্য বিধি" মেনে শ্রীমঙ্গল থেকে জাফলং পর্যন্ত ১৫০ কিলোমিটার পথ পায়ে হেঁটে পরিভ্রমণের উদ্দেশ্যে ২৭ সেপ্টেম্বর তারিখ থেকে যাত্রা শুরু করে এবং ১ অক্টোবর তা সমাপ্ত হয়।

ট্রেজারার এর সাথে পরিভ্রমণকারী রোভার স্কাউটসবৃন্দের সাক্ষাৎ

যাত্রা শুরুর প্রাক্কালে ২৪ সেপ্টেম্বর রোভার স্কাউটস এর উক্ত সদস্যবৃন্দ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটস এর গ্রুপ সম্পাদক অধ্যাপক ড. মো. মনিরুজ্জামান খন্দকারসহ অন্যান্য রোভারবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য রোভার স্কাউটস এর সর্বোচ্চ সম্মান "প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড" প্রাপ্তির লক্ষ্যে পরিভ্রমণ ব্যাজ অর্জন করার জন্য তারা এই পরিভ্রমণ সম্পন্ন করবে।

বি: দ্র: অনলাইনে প্রকাশিত বার্তায় কোন সংশোধনী থাকলে জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।